

ছেলে হোক মেয়ে হোক
দুটি সন্তানই যথেষ্ট।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
পরিবার পরিকল্পনা অধিদপ্তর
এমসিএইচ-সার্ভিসেস ইউনিট (১১ তলা)
৬, কাওরান বাজার, ঢাকা-১২১৫।

স্মারক নং-পপঅ/এমসিআরএএইচ/২০০২/বিবিধ-৩০০/অংশ-৪/২৬৭৬

তারিখঃ ০৫/০২/২০১৮ খ্রিঃ

অটিজম ও স্নায়ু বিকাশজনিত সমস্যা বিষয়ক নির্দেশনা


সূত্রঃ ক) ০৩.৪৫.২৬৯০.০৭০.১৬.১৪.২০১৮ (অংশ-১)- ২৪১, তারিখঃ ২৭/১১/২০১৮ খ্রিঃ।
খ) অটিজম ও স্নায়ু বিকাশজনিত সমস্যা বিষয়ক সেলের নথি নং- ৪৫.০০.০০০০.১৬৬.০৬.০০২.১৮.২১৪,
তারিখঃ ১৯/০৭/২০১৮ খ্রিঃ।

এতদ্বারা সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, বাংলাদেশে শিশুদের মধ্যে অটিজম এবং স্নায়ু বিকাশজনিত সমস্যা বিরাজমান এবং এ সমস্যা উত্তরণে সদাশয় সরকার যথেষ্ট গুরুত্ব আরোপ করে “ন্যাশনাল স্ট্যাটেজিক প্ল্যান ফর নিউরো ডেভেলপমেন্টাল ডিসওর্ডার ২০১৬-২০২১” প্রনয়ণ করা হয়েছে। মাননীয় প্রধানমন্ত্রীর কার্যালয় নির্দেশনা অনুযায়ী এখন থেকে প্রতিটি সেবা কেন্দ্র হতে অটিজম এবং স্নায়ু বিকাশজনিত সমস্যা বিষয়ে অগ্রাধিকার দিয়ে নিম্নবর্ণিত সেবা প্রদান নিশ্চিত করতে হবে, যথা;

১. সেবা কেন্দ্রসমূহে সংশ্লিষ্ট এলাকার প্রতিটি “গর্ভবতী মা-এর তালিকা (মোবাইল নম্বরসহ)” সংরক্ষণ করতে হবে। সময় সময় তাহা হালনাগাদ এবং টেলিফোনের মাধ্যমে গর্ভবতী মা-এর সাথে যোগাযোগ নিশ্চিত করতে হবে।
২. নিউরোলজিক্যাল ডিজওর্ডার প্রতিরোধের জন্য গর্ভবতী মাকে প্রথম ০৩ মাস ট্যাবলেট ফলিক এসিড এবং পরবর্তী মাসগুলোতে আইএফএ এবং ক্যালসিয়াম ট্যাবলেট প্রদান নিশ্চিত করতে হবে।
৩. খাদ্য বৈচিত্রের মাধ্যমে গর্ভবতী, দুগ্ধদানকারী এবং শিশুকে পুষ্টি বিষয়ক পরামর্শ দিতে হবে।
৪. নবজাতককে জন্মের প্রথম ০৬ মাস শুধুমাত্র বুকের দুধ খাওয়ানো এবং পরবর্তীতে বুকের দুধের পাশাপাশি বাড়ীতে প্রস্তুত বাড়তি খাবার প্রদানের জন্য উপদেশ দিতে হবে (০৬-২৩ মাস শিশুদের)।
৫. সেবা কেন্দ্রে জন্মগত নিউরো ডেভেলপমেন্টাল ডিজওর্ডার স্ক্রিনিং, চিহ্নিতকরণ, যথাযথ স্থানে রেফার এবং সংশ্লিষ্ট কর্তৃপক্ষকে অবহিত করতে হবে।
৬. অনূর্ধ্ব ০৫ বছরের শিশুদের সেবা প্রদানের সময় বিভিন্ন ধরনের নিউরো ডেভেলপমেন্টাল ডিজওর্ডার স্ক্রিনিং, চিহ্নিতকরণ, রেফার এবং সংশ্লিষ্ট কর্তৃপক্ষকে অবহিত করতে হবে।
৭. সেবা কেন্দ্রে আগত শিশুর অভিভাবক এবং গর্ভবতী ও প্রসূতি মায়েরদেরকে শিশুর সম্ভাব্য নিউরো ডেভেলপমেন্টাল ডিজওর্ডার বিশেষ করে অটিজম (চোখে চোখ না রাখা, কোনো শব্দ বা কথার দিকে দৃষ্টি না দেয়া, মনোযোগ না দেয়া) চিহ্ন/লক্ষণ সম্পর্কে অবহিত করা এবং কোনো চিহ্ন/লক্ষণ পরিলক্ষিত হলে সাথে সাথে যথাযথ সেবা কেন্দ্রে যোগাযোগের বিষয়ে পরামর্শ দিতে হবে।

এমতাবস্থায়, উপর্যুক্ত বিষয়ে যথাযথ গুরুত্ব প্রদান করে প্রতিটি সেবা কেন্দ্রে সেবা প্রদানকালীন নিউরো ডেভেলপমেন্টাল ডিজওর্ডার স্ক্রিনিং, চিহ্নিতকরণ, রেফার এবং সংশ্লিষ্ট কর্তৃপক্ষকে অবহিত করার বিষয়টি নিশ্চিত করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য এতদসঙ্গে আদেশ প্রদান করা হলো।

ইহা অতীব জরুরী ও জনগুরুত্বপূর্ণ।


(ডাঃ মোহাম্মদ শরীফ)

পরিচালক (এমসিএইচ-সার্ভিসেস) ও
লাইন ডাইরেক্টর (এমসিআরএএইচ)
ফোনঃ ০২-৪৮১১১৬৩৮ (অফিস)
email- dirmchsfp@gmail.com

বিতরণঃ

- ১। অতিরিক্ত সচিব (প্রশাসন), স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ২। অতিরিক্ত সচিব (জনসংখ্যা ও পরিবার কল্যাণ আইন), স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ৩। অতিরিক্ত সচিব (আর্থিক ব্যবস্থাপনা ও অডিট), স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ৪। মাননীয় মন্ত্রী, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়ের একান্ত সচিব, বাংলাদেশ সচিবালয়।
- ৫। পরিচালক/লাইন ডাইরেক্টর (প্রশাসন), অত্র অধিদপ্তর।
- ৬। পরিচালক, পরিবার পরিকল্পনা, ----- বিভাগ।
- ৭। সহকারী পরিচালক (সিসি/পঃপঃ), জেলা পরিবার পরিকল্পনা কার্যালয়, ----- জেলা।
- ৮। মেডিক্যাল অফিসার (ক্লিনিক)/(এমসিএইচ-এফপি)/ উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা,-----উপজেলা, ---জেলা।
- ৯। উপ-সহকারী কমিউনিটি মেডিক্যাল অফিসার/পরিবার কল্যাণ পরিদর্শিকা, মা ও শিশু কল্যাণ কেন্দ্র/ইউনিয়ন স্বাস্থ্য ও পরিবার কল্যাণ কেন্দ্র (সকল) ----- জেলা।
- ১০। মহাপরিচালক, পরিবার পরিকল্পনা অধিদপ্তর মহোদয়ের ব্যক্তিগত সহকারী, অত্র অধিদপ্তর।
- ১১। পরিচালক (এমসিএইচ-সার্ভিসেস) মহোদয়ের ব্যক্তিগত সহকারী, অত্র ইউনিট।

অনুলিপি সদয় অবগতির জন্যঃ

- ১। মহাপরিচালক-১, প্রধানমন্ত্রীর কার্যালয়, তেজগাঁও, ঢাকা।
- ২। অতুল সরকার, পরিচালক-৩, তেজগাঁও, ঢাকা।
- ৩। মুখ্য সচিব মহোদয়ের একান্ত সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়, তেজগাঁও, ঢাকা; (মুখ্য সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।
- ৪। সচিব মহোদয়ের একান্ত সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়, তেজগাঁও, ঢাকা; (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।